

দক্ষতা উন্নয়নে বিআইটিএমে আটটি ব্যাচের প্রশিক্ষণ শুরু

বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট [বিআইটিএম]-এ ডিজিটাল মার্কেটিং, অ্যাফিলিয়েট মার্কেটিং, ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট-পিএইচপি, প্রাকটিক্যাল সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন [এসইও] এবং আইটি সাপোর্ট টেকনিক্যাল বিষয়ে নতুন ৮টি ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে। সম্প্রতি রাজধানীর কারওয়ান বাজারে বিআইটিএম ল্যাবে শুরু হওয়া প্রশিক্ষণগুলোর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বেসিস সভাপতি মোস্তাফা জব্বার। এ সময় বেসিস সভাপতি বলেন, দেশের তথ্যপ্রযুক্তি খাতের এখন উড্ডয়নের সময়। এজন্য প্রয়োজন দক্ষ জনশক্তি। একদিন দেশের তথ্যপ্রযুক্তি খাতের চাহিদা মিটিয়ে বিশ্বের অন্যান্য দেশের শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোতে বাংলাদেশের তরুণ-তরুণীরা চাকরির সুযোগ বাড়বে। তিনি বলেন, অনেকেই নিজেকে দক্ষ করে তুলে নিজস্ব প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে অন্যদের চাকরি দেবে। সেই লক্ষ্যেই সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বেসিস-বিআইটিএম কাজ করছে। বিনামূল্যের এসইআইপি প্রশিক্ষণের মাধ্যমে ইতিমধ্যে প্রায় ৬ হাজার তরুণ-তরুণী বিআইটিএম থেকে প্রশিক্ষণ শেষ করেছে। ২০১৮ সাল নাগাদ মোট ২৩ হাজার তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেওয়া হবে বলে জানান বেসিস সভাপতি মোস্তাফা জব্বার। প্রশিক্ষণটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের [এডিবি] অর্থায়নে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম [এসইআইপি]-এর অধীনে এবং বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট [বিআইটিএম]-এর তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। হপ্রযুক্তি প্রতিদিন ডেস্ক

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮